খাগড়াছড়িতে শিক্ষার মান উন্নয়নে মতবিনিময় সভা ও শিক্ষক সমাবেশ

খাগড়াছড়ি- খাগড়াছড়িতে শিক্ষার মান উন্নয়নে মতবিনিময় সভা ও শিক্ষক সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।
শনিবার(৩১ আগষ্ট) দুপুরে পৌর টাউন হল সম্মেলন কক্ষে “বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতি” খাগড়াছড়ি জেলা শাখার আয়োজনে এ মতবিনিময় সভা ও সমাবেশ অনুষ্ঠিত হয়।
এসময়, শিক্ষার মান উন্নয়নে মতবিনিময় সভা ও শিক্ষক সমাবেশে বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতি” খাগড়াছড়ি জেলা শাখার সভাপতি মাসুদ পারভেজ এর সভাপতিত্ত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, খাগড়াছড়ি জেলা বিএনপির সভাপতি ও সাবেক সাংসদ সদস্য, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের চেয়ারম্যান ওয়াদুদ ভূইয়া।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, খাগড়াছড়ি জেলা বিএনপির প্রধান উপদেষ্টা, জাকিয়া জিন্নাত বিথী। সাধারণ সম্পাদক, খাগড়াছড়ি এম এন আবছার। যুগ্ম সম্পাদক, এ্যাড. মালেক মিন্টু। যুগ্ম সম্পাদক, মোশাররফ হোসেন। যুগ্ম সম্পাদক, অনিমেষ চাকমা রিংকু।
আব্দুর রব রাজা, সাংগঠনিক সম্পাদক।
মোজাম্মেল হোসেন, সভাপতি জেলা জিয়া পরিষদ। মাহাবুব আলম সবুজ, সভাপতি জেলা যুবদল খাগড়াছড়ি।
মোঃ আনোয়ার হোসেন, নির্বাহী সভাপতি খাগড়াছড়ি প্রাথমিক শিক্ষক সমিতি, মাসুদ পারভেজ, সভাপতি খাগড়াছড়ি প্রাথমিক শিক্ষক সমিতি।

এছাড়াও জেলার নয়টি উপজেলায় প্রাথমিক বিদ্যালয়ে কর্মরত শিক্ষক বৃন্দ।
মতবিনিময় কালে শিক্ষকগণ গত পনেরো বছরে তারা বিভিন্ন ভাবে হেনস্তার বিবরণ তুলে ধরেন। একেকজন শিক্ষক কে জেলার বিভিন্ন দূর্গম এলকায় বদলি করা হয়েছে বলে জানান তারা। জেলা পরিষদে শিক্ষক নিয়োগ বানিজ্যে অর্থ আত্মসাৎ, কোটি কোটি টাকা হাতিয়ে নিতে আওয়ামী সিন্ডিকেট গড়ে তুলে।
এসময় প্রধান অতিথি তার বক্তব্য বলেন, এখন বৈষম্যের দিন শেষ।